গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
মৌলভীবাজার।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৫৮০০.০০৩.৪৯.০০৪.২০.১১০ তারিখঃ ০৯/০১/২৩ খ্রিঃ।

**দরপত্র বিজ্ঞপ্তি (বিস্তারিত)**

এতদ্বারা খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার এর অধীন সড়ক পথে নির্ধারিত রুটে খাদ্যশস্য, খাদ্য দ্রব্য, ভোজ্যতৈল, খালিবস্তা, ত্রাণ সামগ্রী এবং অন্যান্য মালামাল ২০২২-২০২৩ অর্থ বছরের অবশিষ্ট সময় এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের পরিবহন কাজের জন্য অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদার নিয়োগের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদারদের নিকট হতে দরপত্রে বর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দর প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ০১ | মন্ত্রণালয় | : | খাদ্য মন্ত্রণালয়। |
| ০২ | সংগ্রাহক সত্তার পদবী | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার। |
| ০৩ | দর প্রস্তাব বিজ্ঞপ্তি নং ও তারিখ | : | ১৩.০১.৫৮০০.০০৩.৪৯.০০৪.২০.১১০, তারিখঃ ০৯/০১/২০২৩ খ্রিঃ |
| ০৪ | যে কাজের জন্য দর প্রস্তাব | : | সিডিউলের বর্ণনা মোতাবেক মৌলভীবাজার জেলার সড়ক পথে নির্ধারিত রুট সমূহে খাদ্যশস্য, খাদ্য দ্রব্য, ভোজ্যতৈল, খালিবস্তা, ত্রাণ সামগ্রী এবং অন্যান্য মালামাল পরিবহন কাজ। |
| ০৫ | কাজের সময়কাল | : | ২০২২-২০২৩ অর্থ বছরের অবশিষ্ট সময় এবং ২০২৩-২০২৪ অর্থ বছর। |
| ০৬ | সংগ্রহ পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (জাতীয়) |
| ০৭ | দর প্রস্তাব তফসীল মূল্য (প্রতি সেট) | : | ১,০০০/- (এক হাজার) টাকা। |
| ০৮ | টেন্ডার সিকিউরিটি | : | ১০,০০০/-(দশ হাজার) টাকা (ফেরতযোগ্য)। |
| ০৯ | পারফরমেন্স সিকিউরিটি | : | ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা। (চুক্তির পূর্বে দিতে হবে) |
| ১০ | বাজেট এবং তহবিলের উৎস | : | রাজস্ব বাজেট, বাংলাদেশ সরকার। |
| ১১ | পন্যের নিরাপত্তার জামানত | : | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা (ফেরতযোগ্য) পরিবহন সূচী দেয়ার পূর্বে দিতে হবে। |
| ১২ | দরপত্র বিক্রয়/প্রাপ্তি স্থান | : | হিসাব শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, মৌলভীবাজার (অফিস চলাকালিন সময়)। |
| ১৩ | দর প্রস্তাব তফসিল বিক্রয়ের শেষ তারিখ | : | ০৫/০২/২০২৩ তারিখ অফিস সময় পর্যন্ত। |
| ১৪ | দর প্রস্তাব গ্রহণের স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার দপ্তরে রক্ষিত দরপত্র বাক্স। |
| ১৫ | দর প্রস্তাব গ্রহণের তারিখ ও সময় | : | ০৮/০২/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত। |
| ১৬ | দর প্রস্তাব খোলার তারিখ, সময় ও স্থান | : | ক) ০৮/০২/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ টায় দরপত্র বাক্স ও সকল যোগ্যতা বিষয়ক প্রস্তাব জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজারর এর অফিস কক্ষে উপস্থিত দর প্রস্তাব দাতা/দর প্রস্তাবদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দর প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি কর্তৃক খোলা হবে।<br><br>খ) যোগ্যতা বিষয়ক প্রস্তাবের ভিত্তিতে কেবল মাত্র Responsive দরদাতাদের তালিকা, আর্থিক প্রস্তাব খোলার তারিখ ও সময় জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার এর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে। |
| ১৭ | ঠিকাদারের যোগ্যতা | : | পরিবহন কাজে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা (সাধারণ কাজে ১ বছর এবং খাদ্য বিভাগীয় পরিবহনে ১ বছর বা খাদ্য বিভাগীয় পরিবহনে ২ বছর)। |
| ১৮ | দর প্রস্তাব দাখিলের নিয়মাবলী | : | দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক হলে আর্থিক প্রস্তাব খোলা হবে। |
| ১৯ | দর প্রস্তাবের মেয়াদকাল | : | দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বলবৎ থাকবে। |
| ২০ | দরপত্র গ্রহণকারী কর্মকর্তার নাম, পদবী এবং টেলিফোন নং | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার। টেলিফোন নম্বরঃ ০২৯৯৬৬৮২২১০। |

এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং এতদ্বীয় সংশোধনী অনুযায়ী পরিচালিত হবে। কোন কারণ দর্শানো ছাড়াই সংগ্রাহক সত্তা এ নোটিশ বাতিল বা পরিবর্তন অথবা যে কোন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখ্যান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯.০১.২০২৩
(জ্যোতি বিকাশ ত্রিপুরা)
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), মৌলভীবাজার
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য), মৌলভীবাজার।
☎ ০২৯৯৬৬৮২২১০
ই-মেইলঃ dcf.mlb@dgfood.gov.bd

## ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলীঃ

আবেদনকারীকে প্রতিষ্ঠানের নিজ প্যাডে মৌলভীবাজার জেলার ২০২২-২০২৩ অর্থ বছরের অবশিষ্ট সময় এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদারী কাজের জন্য ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, নাম, পিতার/স্বামীর নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সর্ম্পক ইত্যাদি বর্ণনা পূর্বক এতদসাথে সংযুক্ত যোগ্যতা বিষয়ক ফরম ও আর্থিক প্রস্তাব ফরম পুরণ এবং নিম্নে বর্ণিত ডকুমেন্ট সংযুক্ত করে পৃথক পৃথক খামে (যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাবের পৃথক খাম দু'টি একটি বড় খামে) সীলগালা করে জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে।

১। নিজ নামের/প্রতিষ্ঠানের প্যাডে ঠিকাদারী কাজের জন্য আবেদন করতে হবে, আবেদনের সহিত ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব সনদ/জাতীয় পরিচয় পত্র, সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন (TIN) সহ হালসন পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্রের, ভ্যাট রেজিস্ট্রেশন সমূহের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

২। (ক) পরিবহন কাজে নুন্যতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা (সাধারণ পরিবহন কাজে ১ বছরের এবং খাদ্য বিভাগীয় পরিবহন কাজে ১ বছরের বা খাদ্য বিভাগের পরিবহন কাজে ২ বছর) (খ) নিজস্ব মালিকাধীন ১(এক) টি ট্রাক থাকতে হবে ; সেক্ষেত্রে মালিকানার স্বপক্ষে ব্লু-বুকের সত্যায়িত ফটোকপি অথবা ট্রাক মালিকের সাথে ১(এক) টি ট্রাকের ২(দুই) বছরের ভাড়ার স্বপক্ষে চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। একাধিক দরপত্র দাতা একই নম্বরের ট্রাকের মালিকানা/ভাড়ার স্বপক্ষে চুক্তিনামা দাখিল করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। একক মালিকানার বেলায় ১ম শ্রেণীর নির্বাহী ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিকের নিকট হতে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে প্রদত্ত একক মালিকানা সংশ্লিষ্ট হলফনামা (এফিডেবিট) এর মূল কপি/সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪। অংশীদারী মালিকানার ক্ষেত্রে অংশীদারিত্বের স্বপক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ।

৫। লিমিটেড কোম্পনীর বেলায় মেমোরেন্ডাম অব আর্টিকেল এবং জয়েন্ট স্টক কোম্পানীর সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ।

৬। ঠিকাদারদের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল/দাখিলা এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ।

৭। চাহিত সকল সনদপত্র ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা (সীলে নাম ও পদবী উল্লেখ থাকতে হবে) দ্বারা সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদনকালে ফটোকপি সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।

৮। অতীত দায় দেনার (যদি থাকে) হলফনামার মূল কপি দাখিল করতে হবে ।

৯। যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে, চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করবেন না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে এবং সংযুক্ত ছকে অপর আর একটি অঙ্গীকার করতে হবে।

১০। অতীত পরিবহন ঘাটতি/আত্মসাৎ ঘটনার সাথে জড়িত সালিশি মামলায় চুড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না।

১১। সালিশী মামলা নিষ্পত্তির অপেক্ষায়/মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। তবে সালিশ/মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা হবে না/সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১২। প্রতি সেট দরপত্র সিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, মৌলভীবাজার শাখায় <u>১/৪৮৩১/০০০১/২৩৬৬</u> নম্বর কোডে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করিয়ে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি অত্র দপ্তরে জমা দিয়ে এবং একটি ফটোকপি প্রদর্শন পূর্বক (প্রদর্শিত ফটোকপি যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে) নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

১৩। বর্ণিত বিষয়ে কোন দরপত্রদাতা ভুল তথ্য প্রদান করলে তার দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাওয়ার পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভুত হলে সংশ্লিষ্ট ঠিকাদারের নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। দরপত্রদাতা দরপত্র তফসীলে বর্ণিত সকল তথ্যাবলী সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পুরণ পূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দস্তখত করবেন। দরপত্র তফসীল, দরপত্র বিজ্ঞপ্তির সহিত সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্রের (ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী, দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী একত্রিত) প্রতি পাতায় স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে।

১৫। ডাকযোগে প্রেরিত দরপত্র নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত হলে দরপত্র বিবেচিত হবে না অর্থাৎ নির্ধারিত দিনে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহণের বাক্সে দরপত্র ফেলতে হবে বা ডাক যোগে প্রাপ্ত হতে হবে।

১৬। শর্তযুক্ত, কাঁটাছেড়া, ঘষামাজা, ফ্লুইড ব্যবহৃত বা অসম্পূর্ণ দরপত্র গৃহীত হবে না এবং প্রাইস সিডিউল/দর তফসিল যথাযথভাবে পূরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

**<u>চলমান পাতা ০৩</u>**

## দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলীঃ

১৭। **ঠিকাদারের যোগ্যতাঃ**

(ক) দরদাতার পরিবহন কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর মধ্যে সাধারণ পরিবহন কাজে ১ (এক) বছরের এবং খাদ্য বিভাগীয় পরিবহন কাজে ১ (এক) বছরের অথবা খাদ্য বিভাগের পরিবহন কাজের মোট ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খাদ্য বিভাগের আওতায় পরিবহন ঠিকাদারীর অভিজ্ঞতার সনদ, জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো অধীক্ষক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/উপ-পরিচালক (চপরেস), চলাচল ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা কর্তৃক জারিকৃত হতে হবে। অন্যান্য সরকারি/আধা সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থা কিংবা অন্য কোন সংস্থার পরিবহন ঠিকাদারীর অভিজ্ঞতার ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী কর্মকর্তা/আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্র।

(খ) সিডিউল ব্যাংক হতে ০১ (এক) আর্থিক বৎসরের লেনদেনের স্বপক্ষে কমপক্ষে ৩,০০০০০/- (তিন লক্ষ টাকা) টাকার হিসাব বিবরণী (Bank Statement) সহ তিনি আর্থিকভাবে স্বচ্ছল মর্মে আর্থিক স্বচ্ছলতার সনদ পত্র দাখিল করতে হবে।

(গ) দরপত্র দাতার নগদ সম্পদ; ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে ন্যূনতম ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা আছে মর্মে ঘোষনা পত্র দাখিল করতে হবে।

(ঘ) নিজস্ব মালিকাধীন ১(এক) টি ট্রাক থাকতে হবে ; সেক্ষেত্রে মালিকানার স্বপক্ষে ব্লু-বুকের সত্যায়িত ফটোকপি অথবা ট্রাক মালিকের সাথে ১(এক) টি ট্রাকের ২(দুই) বছরের ভাড়ার স্বপক্ষে চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। একাধিক দরপত্র দাতা একই নম্বরের ট্রাকের মালিকানা/ভাড়ার স্বপক্ষে চুক্তিনামা দাখিল করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৮। **দরপত্র দাখিলের নিয়মাবলীঃ**

(ক) দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২টি ভিন্ন খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মধ্যখানে **''ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব''** ও আথিক প্রস্তাবের খামে অনুরূপভাবে **''আর্থিক প্রস্তাব''** লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার এবং বাম দিকে দরদাতা প্রতিষ্ঠানের নাম ঠিকানা লিখতে হবে। ২টি খাম একত্র করে বড় একটি খামে দাখিল করতে হবে এবং অনুরূপভাবে খামের ডানদিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার এবং বাম দিকে দরদাতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখতে হবে। বড় খামের উপরিভাগে **''২০২২-২০২৩ অর্থ বছরের অবশিষ্ট সময় ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মৌলভীবাজার জেলার অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদারী কাজের দরপত্র প্রস্তাব''** লিখতে হবে।

(খ) যোগ্যতা বিষয়ক খামে ''ক'' ফর্ম পুরন ও স্বাক্ষর পূর্বক সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্ত করতে হবে। যোগ্যতা প্রস্তাব খামে টেন্ডার সিকিউরিটি বা বায়নার টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রফট পাওয়া না গেলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে না।

(গ) আর্থিক প্রস্তাব বিষয়ক খামে ''খ'' ফরম শুধুমাত্র দরদাতার উদ্ধৃত দর উল্লেখ করতে হবে। আর্থিক প্রস্তাব খামে কোন পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণ যোগ্য হবে না।

(ঘ) আর্থিক প্রস্তাব ফরমে (খ ফরম) বর্ণিত কার্য-তফসীলের প্রতিটি রুটের ডান দিকে প্রাক্কলিত কাজের পরিমাণ উল্লেখ করা হয়েছে। দরদাতাকে প্রতি রুটের একক দর অংকে ও কথায়, মোট মূল্য (প্রাক্কলিত কাজের পরিমান ✕ দরদাতা কর্তৃক প্রদত্ত প্রতি এককের মূল্য = মোট মূল্য) এবং সর্বমোট মূল্য (প্রতিটি রুটের মোট মূল্যের যোগফল) শুধুমাত্র নির্ধারিত কলামে/স্থানে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। প্রকাশ থাকে যে, দশমিকের পরে দুই অংকের বেশী ব্যবহার করা যাবে না। সর্বমোট মূল্যের ভিত্তিতে সর্বনিম্ন দর মূল্যায়ন বা সাব্যস্ত করা হবে। একক দর ও মোট দরের মধ্যে গরমিল হলে একক দর গৃহীত হবে এবং তদানুযায়ী মোট দর সংশোধিত হবে।

(ঙ) সীলগালা ছাড়া কোন যোগ্যতা ও আর্থিক প্রস্তাব খাম দাখিল করা হলে তা বিবেচনা করা হবে না।

১৯। **টেন্ডার সিকিউরিটিঃ**

(ক) দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফশীলভূক্ত (শিডিউল) ব্যাংক হতে টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার এর অনুকূলে দাখিল করতে হবে। টেন্ডার সিকিউরিটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। টেন্ডার সিকিউরিটি ছাড়া কোন দর গ্রহণ করা হবে না। কোন এসডিআর/সিডিআর/ব্যাংক গ্যারান্টি গ্রহনযোগ্য হবে না।

(খ) অকৃতকার্য দরপত্রদাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরত দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদানের পর ফেরত দেয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

২০। **ঠিকাদার নির্বাচন ও পরিবহন ভাড়া পরিশোধঃ**

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব মূল্যায়ণ (Responsive) হলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন দরদাতার দর দরপত্র মূল্যায়ণ কমিটি কর্তৃক বিবেচিত ও Head of the Procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে। যে সকল দরদাতার যোগ্যতা বিষয়ক প্রস্তাব মূল্যায়ণ কমিটি কর্তৃক বিবেচিত হবে না তাদের আর্থিক প্রস্তাবের খাম না খুলে ফেরত প্রদান করা হবে।

(খ) গ্রহনযোগ্য/যুক্তিযুক্ত সর্বনিম্ন দরদাতাকে ঠিকাদার হিসেবে নির্বাচন করা হবে। তবে সংগ্রাহক সত্তা প্রয়োজন বোধে অন্যান্য দরদাতাগণের মধ্য হতে দরের নিম্ন থেকে উর্দ্ধক্রম অনুযায়ী সর্বনিম্ন দরে কাজ করতে আগ্রহী সাপেক্ষে একাধিক সংখ্যক ঠিকাদার নিয়োগ করতে পারবেন এবং ঠিকাদারগণকে সর্বনিম্ন দর মোতাবেক ভাড়া পরিশোধ করা হবে।

চলমান পাতা ০৪

২১। **পারফরমেন্স সিকিউরিটিঃ**

(ক) Letter of intent দেয়ার ৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান করতে হবে এবং পারফরমেন্স সিকিউরিটি (জামানত) বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও যথাযথ কাগজপত্র জমা দিয়ে ২১ (একুশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় প্রাপ্ত দরদাতার টেন্ডার সিকিউরিটি সরকারী খাতে বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যাবস্থা গ্রহন করা হবে।

২২। **চুক্তি সম্পাদনঃ**

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব বিবেচিত হলে আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন দরদাতার দরে যাবতীয় আনুষ্ঠানিকতা শেষে একাধিক/প্রয়োজনীয় সংখ্যক ঠিকাদার নিয়োগ করা হবে।

(খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন/সাব্যস্ত দরদাতার দর বৈধ বিবেচিত হলে ও অনুমোদিত হলে Letter of intent প্রদান করা হবে এবং দরপত্রের সকল শর্তাদি পূরণ শেষে ২১ (একুশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৩। **পণ্যের নিরাপত্তা জামানতঃ**

(ক) পন্যের নিরাপত্তা জামানত প্রাপ্তির পর সুচী প্রদান করা হবে।

(খ) কৃতকার্য দরপত্র দাতাগণের সাথে চুক্তিপত্র সম্পাদনের পর ঠিকাদারগণকে সময়ে সময়ে সুচীর পরিমাণ জানানো হবে। প্রতি ১০০ (একশত) মেঃ টন পন্যের সুচীর জন্য নিরাপত্তা জামানত (Security of Goods) বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থাৎ ১০০ মেঃ টন পরিবহন সুচীর জন্য পারফরমেন্স সিকিউরিটির অর্থসহ পন্যের নিরাপত্তা জামানত ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে। এক্ষেত্রে পন্যের নিরাপত্তা জামানত হিসাবে পারফরমেন্স সিকিউরিটির অবশিষ্ট অর্থ (প্রযোজ্য ক্ষেত্রে) নোটিশ প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে যে কোন সিডিউল ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার বরাবরে দাখিল করতে হবে। সুচীর পরিমাণ কম/বেশী হলে উপর্যুক্ত অনুপাতে সিকিউরিটি প্রদান করতে হবে।

(গ) সুচীকৃত মালামাল সন্তোষজনক পরিবহণ শেষে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে জমাকৃত নিরাপত্তা জামানত আবেদনের প্রেক্ষিতে ফেরত নেয়া যাবে/ পরবর্তী সূচীর সাথে সমন্বয় করা যাবে।

২৪। **পরিবাহিত পন্যের ঘাটতিঃ**

(ক) ১০০% ওজনে বোঝাইকৃত মালামাল ১০০% ওজনে প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিবেন। পরিবাহিত মালামালের নীট ওজনের উপরে সর্বোচ্চ ০.১২৫% (শতকরা দশমিক এক দুই পাঁচ) হারে সীমিত পরিবহন ঘাটতি প্রাপ্য হবেন।

(খ) যে কোন সাহায্য সংস্থার নির্ধারিত ওজনের ক্ষেত্রে শূন্য পরিবহন ঘাটতি প্রযোজ্য হবে।

(গ) নির্ধারিত পরিবহন ঘাটতির অতিরিক্ত যে কোন ঘাটতি/মালামাল বিনষ্ট/খোয়া গেলে ঠিকাদারকে দ্বিগুনহারে ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

২৫। **চুক্তি সংশোধনঃ**

(ক) বিস্তারিত রুট বিবরণী, তফসীল রুটের দূরত্ব দরপত্র তফসীলের সাথে সংযুক্ত করে দেয়া হল। সংগ্রাহক সত্তা কর্তৃক নির্ধারিত/প্রণীত চুক্তির মডেল অনুযায়ী নিয়োগ প্রাপ্ত দরদাতা চুক্তি সম্পাদন করতে বাধ্য থাকবেন।

(খ) সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্য দ্রব্য অথবা যে কোন পণ্য পরিবহন সংক্রান্ত বা এতদ্সংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/স্মারক/পরিপত্রসহ দরপত্র তফসীল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসেবে পরিগণিত হবে।

২৬। **দূরত্ব নির্ধারণঃ**

(ক) রুট তফসীলে বর্ণিত নির্ধারিত দূরত্বই বিল প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে ভবিষ্যতে কোন রুটের দূরত্বে গড়মিল/তারতম্য দেখা দিলে সেক্ষেত্রে সড়ক ও জনপথ বিভাগ/সংশ্লিষ্ট বিভাগের দূরত্ব সনদ অনুযায়ী প্রকৃত দূরত্ব নির্ধারিত হবে।

(খ) অনির্ধারিত রুটে দরপত্র সিডিউলে নিকটবর্তী রুটের প্রদত্ত দরের আনুপাতিক হারে বিল প্রদান করা হবে।

২৭। **ঠিকাদারের জন্য বাধ্যবাধকতাঃ**

(ক) দরপত্র বিজ্ঞপ্তি, যোগ্যতা বিষয়ক কারিগরী প্রস্তাবের শর্তাবলী, দরপত্রের নিয়মাবলী, দরপত্র তফসিল, সড়ক রুট, চুক্তির আওতায় পরিবহন সুচির পরিমাণ ও সময়কাল এবং এ সংক্রান্ত Loading Unloading Advice (LUA) Invoice/দলিলপত্র ইত্যাদি এ চুক্তির আওতাভুক্ত বলে বিবেচিত হবে।

(খ) দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত অঙ্গিকারনামায় বর্ণিত অঙ্গিকারসমূহের জন্য যে অঙ্গীকারনামা প্রদান করা আছে সে মোতাবেক দরদাতাকে তার নিজস্ব প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে একখানা অঙ্গিকারনামা প্রদান করতে হবে। দরদাতা কর্তৃক উক্ত অঙ্গিকার ভবিষ্যতে মিথ্যা বা অসত্য প্রমাণিত বা পরিগণিত হলে দরদাতাকে উক্ত ঠিকাদারী কার্যক্রম বা চুক্তি বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম থেকে বাদ দেয়া হবে বা ঠিকাদারী কার্যক্রমে অংশ গ্রহণের জন্য অনির্দিষ্টকাল বা নির্দিষ্ট কোন মেয়াদ পর্যন্ত অযোগ্য ঘোষণা করা হবে।

(গ) পরিবহন সংক্রান্ত সকল তথ্যাদি নথিভুক্ত রাখতে হবে যাতে প্রথম পক্ষ চাহিবামাত্র দ্বিতীয় পক্ষ প্রদর্শন/দাখিল করতে পারে।

চলমান পাতা ০৫

২৮। **গোপনীয় প্রতিবেদনঃ**
নির্বাচিত ঠিকাদারের ক্ষেত্রে পুলিশী বা খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশী ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতীত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

২৯। **ক্ষমতা সংরক্ষণঃ**
কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৩০। **অভিযোগ ও আপীলঃ**
দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপীল নিস্পত্তির ক্ষেত্রে পিপিআর মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৯.০১.২০২৩
(জ্যোতি বিকাশ ত্রিপুরা)
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), মৌলভীবাজার
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য), মৌলভীবাজার।
☎ ০২৯৯৬৬৮২২১০
ই-মেইলঃ dcf.mlb@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৫৮০০.০০৩.৪৯.০০৪.২০.**১১০(৯৪)** তারিখঃ ০৯/০১/২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মহা পরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
২। পরিচালক, ...............................বিভাগ (সকল). খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট/ঢাক/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।
৫। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়াক ইউনিট, খাদ অধিদপ্তর, ঢাকার। **বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।**
৬। পুলিশ সুপার, মৌলভীবাজার।
৭। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়নগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার/খুলনা সাইলো।
৮। অতিরিক্ত পরিচালক, এম.আই.এস এন্ড এম বিভাগ/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
১০। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।
১১। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মৌলভীবাজার।
১২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।
১৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ................................ (সকল)।
১৪। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার। ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।
১৫। জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার।
১৬। ম্যানেজার ...............................সিএসডি (সকল)।
১৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ........................... (সকল), মৌলভীবাজার।
১৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী), জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, সিলেট।
১৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, .................................. (সকল), মৌলভীবাজার।
২০। প্রশাসন/হিসাব/মজুদ/নিরীক্ষা/নেজারত শাখা, অত্র দপ্তর।
২১। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়/প্রেসক্লাব/অত্র দপ্তর।
২২। অফিস কপি।

০৯.০১.২০২৩
জেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য), মৌলভীবাজার।